Deed No-5302/07, Book-I, A.D.S.R. Behala. 17

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये रु.10

TEN RUPEES Rs.10

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

18AA 095494

(28)

F (I) 2.00
F (II) 2.00
S (a) 3.15
S (b) 5.00
Plan 20.00
X 18.50
Stamp 10.00
C. FEE 10.00
70.65

640/266

Addl. District Sub-Registrar.
Behala, South 24-Parganas

31 JAN 2008

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR ★ BEHALA ★
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের কার্যালয় বেহালা

20767


PLAN SHOWING IN R.S. DAG NO. 589 (PART) UNDER KH.NO. 144 (R.S)
L.R. KHATIAN NO. 299 AT MOUZA-CHAK JOT SHIBRAMPUR
J.L. NO. 25 WARD NO. 14 IN MAHESHTALA MUNICIPALITY
P.S. MAHESHTALA DISTRICT SOUTH 24-PARGANAS.
SCALE 1" = 50'-0"

NAME OF PURCHASER
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105 S.N. BANERJEE ROAD
KOLKATA-700014.

SOLD AREA = 2K. 8CH. 0R. 4.13 SATAK (MORE OR LESS)
SHOWN IN RED




Certified to be a true copy of the original plan attached to deed No. 5302 of the year 2007 A.D.S.R. Behala




Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas.
31-1-08

Compared by D. Mukherjee.
JEBRAJ MUKHERJEE
PLAN MAKER, REGD. DRAFT

Atul Krishna Maity
DRAWN BY:-
A.K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATA MORE)
MAHESHTALA
SOUTH 24-PARGANAS.

অনিল অধিকারী

SIG. OF VENDORS.

20767

5302/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B-158148

Admissible under Rule-81

A.D.S.R. Behala 28/11/07

Addl. District Sub-Registrar.
Behala, South 24-Parganas.

মং ৭২,৯০০ (বাহাত্তর হাজার নয়শত) টাকা

পণমূল্যে নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা দলিল


কোবালা গ্রহীতা : পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা, ১০৫, এস.এন. ব্যানার্জ্জী রোড, থানা-তালতলা, কোলকাতা-৭০০০১৪

Deficit Stamp D. 13170
Rs. 033255
Dated 16/11/07

পৃষ্ঠা নং.... ২

20767




B 158149

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

ঃ২ঃ

<u>কোবালা দাত্রী</u> ঃ <u>শ্রী মতী অনিতা মন্ডল</u>
স্বামী শ্রী বাবলু মন্ডল, জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী, সাকিন- ৪২/এ, বীরেন রায় রোড, (পশ্চিম) থানা-ঠাকুরপুকুর, কোলকাতা-৭০০ ০০৮।

পৃষ্ঠা নং....৩

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते INDIA

B 158150

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

:: ৩ ::

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ

জেলা-দক্ষিণ ২৪ পরগণা, থানা-মহেশতলা, সাব রেজেস্ট্রী অফিস-আলিপুর, হাল বেহালা, পরগনা -বালিয়া, অত্র জেলা কালেক্টরীর ৬৫ নং তৌজি ভুক্ত, রে. সা. নং-৭৫ ৩/৪, জে. এল.

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 158151

:: ৪ ::

নং ২৫, মৌজা-চক্ যোত শিবরামপুর গ্রামে গনিপুর ২নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন, রায়ত দখলী স্বত্বীয় সাবেক ও হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪ , এল. আর. খতিয়ান নং ২৯৯, হাল দাগ নং ৫৮৯ এর ৬৫ শতক শালি ও ডাঙ্গা জমিজমার মালিক ছিলেন জনৈক চক যোতশিবরামপুর নিবাসী

পৃষ্ঠা নং....৫

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये Rs. 100

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ পশ্চিম বংগাল WEST BENGAL A 410723

:: ৫ ::

শ্রী ভূপতি নস্কর মহাশয়ের পৈতৃক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত জমিজমা খাস দখলীয় সম্পত্তি থাকাবস্থায় তিনি উক্ত সমুদয় সম্পত্তি এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শিবরামপুর নিবাসী শ্রী পূর্ণ চন্দ্র হালদার মহাশয়কে এককালীন বিক্রয় করিয়া চিরতরে নিস্বত্ব, স্বত্বত্যাগী ও দখলচ্যুত হয়েন।

পৃষ্ঠা নং....৬

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये **Rs. 100**

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 410725



করিতে থাকেন এবং উক্ত দলিল খানি বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ১৩নং ভল্যুমে ১১৯ হইতে ১২১নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭০ সালের ২৯০ নং সাফ বিক্রয় কোবালা দলিল রূপে প্রচারিত ও পরিগনিত হয়।

পৃষ্ঠা নং....৮

এক শত টাকা

Rs. 100

ONE HUNDRED RUPEES

রু. 100

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

তৎপরে উক্ত ফটিক চন্দ্র মাঝি মহাশয়ের নগদ অর্থের বিশেষ প্রয়োজনে উক্ত জমিজমার মধ্যে পশ্চিমাংশে ২৫ শতক শালি জমিজমা বিক্রয়ের ঘোষনা করিলে আমার বায়া শ্রী ফটিক হালদার, পিতা মন্মথ নাথ হালদার বিগত ইংরাজী ২২/১১/১৯৭১ তারিখে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির

৪৯ নং ভল্যুমে ১৭২ হইতে ১৭৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭১ সালের ৩২২০ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে ২৫ শতক বা কমবেশ ১৫ কাঠা এবং পরবর্ত্তিকালে উক্ত ফটিক চন্দ্র মাঝি মহাশয়ের নিকট হইতে ইংরাজী ১৯৭২ তারিখে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ৬৯নং ভল্যুমে ২২১ হইতে ২২৪ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ হইয়া ১৯৭২ সালের ৪৪২০ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে কমবেশ ১০ শতক বা ৬ কাঠা শালি জমি একুনে দুইটি দলিল মূলে ১৪৪ নং খতিয়ান ভুক্ত ৫৮৯ নং দাগে উক্ত সম্পত্তির পশ্চিম দিকে উত্তর দক্ষিণে সরাসর সর্ব্বমোট ৩৫ শতক বা ১ বিঘা ১ কাঠা শালি জমি একবন্দে খরিদ করিয়া উক্ত সম্পত্তিতে নিজ নাম পত্তন করাইয়া স্বনামে দাখিলাদি গ্রহনে চাষাবাদ দ্বারা খাসে ভোগবান ও দখলীকার ছিলেন।

অতঃপর উক্ত ফটিক হালদার মহাশয়ের নানাবিধ নগদ অর্থের আবশ্যক হওয়ায় তাহার খরিদা ৫৮৯নং দাগে ১ বিঘা ১ কাঠা শালি জমিজমার মধ্যে মধ্যভাগ দিয়া ৮ ফুট প্রশস্থ রাস্তা দিয়া উক্ত সম্পত্তি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে আমি অত্র কোবালা দাতা উক্ত জমিজমার মধ্যে অত্র দলিল সহিত গ্রথিত নক্সায় ৪ শতক বা স্থানীয় বাংলা মাপে ২ কাঠা ৮ ছটাক শালি জমি তৎকালীন বাজার মূল্যে বিগত ইংরাজী ২০শে জুন ২০০২ সন তারিখে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া এযাবৎ খাসে ভোগদখলে আছি যাহা উক্ত অফিসের ১নং বহির ......৫৯...... নং ভল্যুমে, .৭৬.২.... নং হইতে ৭৭৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ২০০৩ সনের ০৩০০২ নং দলিল রূপে প্রচারিত ও পরিগনিত হইয়াছে।

অতঃপর অত্র কোবালা দাতা মহেশতলা মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করতঃ সন সন ট্যাক্সাদি ও বি. এল. এন্ড এল. আর. ও অফিসে খাজনাদি প্রদান করতঃ নিজ খাসে ভোগদখলে অন্যের বিনা স্বত্বে সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে ষোল আনা মালিক স্বরূপে ভোগবান ও দখলীকার আছি।

এক্ষনে নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত মৌজা চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল রিভিসন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪ হাল দাগ নং ৫৮৯ এর ৪ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশ ২ কাঠা ৮ ছটাক শালি জমি জমা হইতেছে তাহা আমি অত্র কোবালা দাতার আবেদনের ভিত্তিতে হাউসিং বোর্ড বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাত্রী বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে/পনমূল্যে ৭২,৯০০. (বাহাত্তর হাজার নয়শত) টাকা প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশ ২ কাঠা ৮ ছটাক শালি জমিজমা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরেজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রীত সমূদায় ভূম্যাদিতে মালিকী স্বত্বে খাস দখল দিলাম।

পৃষ্ঠা নং....১১

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেক্টরীতে আমার নামের পরিবর্তে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদান পূর্বক বিক্রয়, বিলি, বন্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, লভ্য সম্পর্কাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল । যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালতে কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য সরকারী সংস্থা কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকবদ্ধ হয় নাই বা উহার কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেন্ট বা কোন

পৃষ্ঠা নং....১২

যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ন নির্দায় ও নির্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহিতা অর্থাৎ **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনাদের খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ন দায়ী দন্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতি পূরণ সহ পণ মূল্যের সমুদায় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমূদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আপনার খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকসায় লাল রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের

পৃষ্ঠা নং....১৩

জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভারা বাঁধা মন্ডপ নির্মান এবং উপর দিয়া বা নীচ দিয়া বিদ্যুৎ স্তম্ভ নির্মান প্রভৃতি করিতে পারিবেন তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশানগণের কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পণের টাকা স্বাক্ষীগণের সম্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্নরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ১৫ই জুন, মোতাবেক বাংলা ১৪১৪ সনের ৩১শে জ্যৈষ্ঠ।

**ঃ তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ**

জেলা-দক্ষিণ ২৪ পরগণা, থানা-মহেশতলার, এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজেস্ট্রী অফিস-বেহালা, হাল মহেশতলা মিউনিসিপ্যালিটির এলাকাধীন, অত্র জেলা কালেক্টরীর ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং-৭৫ $^{৩}/_{৪}$, জে. এল. নং ২৫, বর্তমানে মহেশতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে গনিপুর - ২নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন, রায়ত দখলী স্বত্ত্বীয় সাবেক ও হাল রিভিসন্যাল জরিপের হাল খতিয়ান নং ১৪৪, হাল এল. আর. খতিয়ান নং ২৯৯, হাল দাগ নং-৫৮৯ এর ৬৪ শতক শালি ও ডাঙ্গা জমিজমার মধ্যে ৪ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশ ২ কাঠা ৮ ছটাক শালি জমিজমা অত্র দলিলের বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা ---- টাকা বর্তামানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা-দক্ষিণ ২৪ পরগণা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যান্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

পৃষ্ঠা নং....১৪



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................
Signature [illegible]

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................
Signature ..............................

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................
Signature ..............................

PHOTO

| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................
Signature ..............................

তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি

অত্র বিক্রীত ২ কাঠা ৮ ছটাক শালি জমিজমা

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | ৫৮৮ নং দাগের জমিজমা |
| দক্ষিণ | ঃ | ৮ ফুট প্রশস্থ কমন প্যাসেজ |
| পূর্ব | ঃ | ৫৮৯ নং দাগের জমিজমা |
| পশ্চিম | ঃ | ৫৮৯ নং দাগের জমিজমা |

টাকার জায়

অদ্য তারিখে আমি অত্র দাত্রী উপরোক্ত গ্রহীতার নিকট হইতে উপরিল্লিখিত তপশীল সম্পত্তির মোট পণমূল্য হিসাবে নগদে ৭২,৯০০ (বাহাত্তর হাজার নয়শত ) টাকা বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম।

(বাহাত্তর হাজার নয়শত টাকা মাত্র বুঝিয়া পাইলাম)

ইসাদী ঃ

১/ Debi Prasad Ganguly
10, [illegible] Road
P.O. Bansdroni Kol-700070

২/ Suk Lal Singh
31/C H.o. Chi-Mirzanagar
Kol-61

মুসাবিদাকারক

Timir Baran Khatuya.
তিমির বরন খাটুয়া
এ্যাডভোকেট
আলিপুর জজ কোর্ট,
কোলকাতা-৭০০ ০২৭।

[illegible]

কোবালা দাত্রীর স্বাক্ষর

Certified to be a True Copy of the original document which has not yet been Transcribed.

Addl. District Sub-Registrar.
Behala, South 24-Parganas

31 JAN 2008

COPY PREPARED BY

31 JAN 2008